

উঠবে ঘুড়ি, হেঁই উঁচুতে

সারা বিকেল কাটিয়ে দিলাম কাঠির গায়ে কাগজ সঁটে
কিন্তু বাতাস একটুও নেই, গোত্তা খেয়ে পড়ছে ঘুড়ে
সুতলিটা যে ভীষণ ছোট, তাই কি হাওয়ায়
টান লাগেনা? তাই কি ঘুড়ি ছোঁয় না আকাশ,
মেঘের সীমা?
এই এসেছে তুমুল হাওয়া;
সুতলিটাকে লম্বা করে ছাড়ল তবে,
উঠবে ঘুড়ি, আমার ঘুড়ি, হেঁই উঁচুতে।

চু হঙ কোয়া
অনুবাদক : পার্থ বন্দ্যোপাধ্যায়

